

এমএসএস-বাংলাদেশ ব্যাংক চুক্তি স্বাক্ষর: SMAP প্রকল্পের মেয়াদ বৃদ্ধি



বাংলাদেশ ব্যাংক ও এমএসএস এর মধ্যে Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project (SMAP) এর আনুষ্ঠানিক চুক্তি সম্পন্ন হয়েছে।

এমএসএস এর নির্বাহী পরিচালক জনাব মোঃ আখতারুজ্জামান ও বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের পরিচালক কানিজ ফাতেমার উপস্থিতিতে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের কার্যালয়ে আগামী তিন বছরের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হয়।

চুক্তি অনুযায়ী, এমএসএস SMAP প্রকল্পের আওতায় কৃষকদের কৃষি ঋণ বিতরণসহ কারিগরি সহায়তা দিয়ে প্রাণিসম্পদ, কৃষি যন্ত্রপাতি ক্রয় ও কারিগরি দক্ষতা উন্নয়নে আগামী তিন বছর কার্যক্রম অব্যাহত রাখবে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগ।

এসময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের যুগ্ম পরিচালক সাইদ আহমেদ, এমএসএস অর্থ ও হিসাব বিভাগের কো-অর্ডিনেটর মোঃ আহসান হাবিব ও প্রোগ্রাম ম্যানেজার মোঃ মোকাররম হোসেন।

‘সাকিবর ডেইরি ফার্ম’ এর অগ্রযাত্রা



দুর্ভিক্ষ খামার করে সফল উদ্যোক্তা হয়েছেন চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার উদ্যোক্তা মোঃ সাকিবর হোসেন। মাত্র একটি গরু থেকে তিনি গড়ে তুলেছেন সুবিশাল ‘সাকিবর ডেইরি ফার্ম’। পরিবারের আয় বৃদ্ধির পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি করেছেন একাধিক নারী-পুরুষের।

শুরুটা একদম স্বল্প পরিসরে হলেও বর্তমানে তার খামারে ১৫ লক্ষ টাকা সমমূল্যের গরু রয়েছে। গাভীর দুধ বিক্রির পাশাপাশি তিনি প্রতি বছর বিক্রির জন্য ঝাঁড়ও প্রস্তুত করেন।

তার ডেইরি ফার্ম থেকে দুধ কিনতে আসা এক ক্রেতা জানান, “আমি এই এলাকার বাসিন্দা। প্রতিদিন ফার্মে এসে দুধ সংগ্রহ করি। এই ফার্মের দুধে কোন ভেজাল নেই। যৌক্তিক দামে খাঁটি দুধ কিনতে পেরে আমরা আনন্দিত।”

এমএসএস এর ৮নং জোনের ৫১নং এরিয়ার ১৩৫নং শাখার সদস্য সাকিবর জানান এমএসএস থেকে ঋণ নেয়ার পর তার ফার্মের পরিধি প্রায় দেড় গুন বৃদ্ধি পেয়েছে। শুধু এলাকাবাসীই নয়, আশেপাশের বিভিন্ন মিষ্টি, ঘি ও মাখন বিক্রেতারা তার ফার্মে এসে নগদ টাকায় দুধ সংগ্রহ করেন।

বর্তমানে সাকিবর হোসেনের সকল খরচ বাদে ফার্ম থেকে মাসিক আয় প্রায় ৫০ হাজার টাকা। তবে এখানেই থেমে না থেকে নিজ ডেইরি ফার্মের দুধ থেকে মিষ্টি তৈরি করে বাজারজাত করার স্বপ্ন দেখেন তিনি।

উল্লেখ্য, মানবিক সাহায্য সংস্থার মহিলা ঋণদান কর্মসূচির অধীনে বর্তমানে ১৫৭,৮০৮ জন সক্রিয় সংগঠনী সদস্য রয়েছে। যার মাঝে ঋণী সদস্যের সংখ্যা ১২২,১১৯ জন।

প্রকাশনা : মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট- এমএসএস
সেল সেন্টার (ভয় তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৪১০২০৯২১, ৪১০২০৯২২, ৪১০২০৯২৩
ই-মেইল : info@mssbd.org, mediaunit@mssbd.org

জরায়ু ও স্তন ক্যান্সার প্রতিরোধে সচেতনতামূলক সেমিনার



জরায়ু ও স্তন ক্যান্সার প্রতিরোধে সচেতনতা বাড়াতে ঠাকুরগাঁও সদর উপজেলার সফিউদ্দিন আহমেদ ফাউন্ডেশন হাসপাতালে সচেতনতামূলক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গত ১১ সেপ্টেম্বর মোট ২৪ জন গর্ভবতী, প্রসূতী ও সাধারণ মায়াদের অংশগ্রহণে এ

সেমিনার আয়োজন করে এমএসএস মা ও শিশু স্বাস্থ্যসেবা প্রকল্প। সেমিনার পরিচালনা করেন অত্র হাসপাতালের গাইনী, প্রসূতি স্ত্রী ও শিশুরোগ বিশেষজ্ঞ ডাঃ জান্নাতুন ফেরদৌস নিতু ও ডাঃ ফারজানা আলম।

সেমিনারে ক্যান্সার ও স্তন ক্যান্সারের ঝুঁকি, লক্ষণ, নির্ণয়, প্রতিকার ও প্রতিরোধ নিয়ে আলোচনা এবং ফ্লি চেক-আপের ব্যবস্থা করা হয়। এসময় বক্তারা জানান, সারা বিশ্বে প্রতি ৮ জনে ১ জন নারী স্তন ক্যান্সারে আক্রান্ত হয়ে থাকেন এবং স্তন ক্যান্সারে আক্রান্ত হয়ে প্রতি লাখে ১৫ জন নারী মৃত্যুবরণ করেন। তাই জরায়ু ও স্তন ক্যান্সার প্রতিরোধে সচেতনতার কোন বিকল্প নেই।

সেমিনার শেষে অংশগ্রহণকারীরা সেমিনারের সুফল উল্লেখ করে নিয়মিত এ ধরনের আয়োজনের প্রত্যাশা ব্যক্ত করেন।

সুবিধাবঞ্চিত শতাধিক শিক্ষার্থীর বিনামূল্যে চক্ষু চিকিৎসা



মানবিক সাহায্য সংস্থার আই কেয়ার প্রোগ্রামের আয়োজনে সুবিধাবঞ্চিত স্কুল শিক্ষার্থীদের জন্য ঢাকার বাড্ডায় সাতারকুল এলাকায় বিনামূল্যে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

গত ১০ সেপ্টেম্বর সাতারকুল এরিয়ার ৪১নং ওয়ার্ডের পাঁচখোলা প্রাথমিক বিদ্যালয়ে মরহুম প্রফেসর এম

সফিউল্লাহ ও নুরজাহান বেগমের স্বরণে তাদের সন্তান ও নাতি-নাতনীদে অর্থায়নে দিনব্যাপী এই স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম বাস্তবায়ন করা হয়।

প্রাইম ব্যাংক আই হাসপাতালের বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা উক্ত প্রোগ্রামে মোট ১০৩ জন শিক্ষার্থীর বিনামূল্যে চক্ষু পরীক্ষা করা হয়। এসময় ৪ জন শিক্ষার্থীকে বিনামূল্যে চশমা প্রদান ও ৬ জনকে উন্নত চিকিৎসার জন্য ইসিপিএর সহযোগী হাসপাতালে রেফার করা হয়। এ ছাড়াও ৩৫ জনকে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

চক্ষুসেবার পাশাপাশি সচেতনতামূলক প্রচারণার অংশ হিসেবে ছাত্র-ছাত্রীদের চোখের যত্নে করণীয় বিষয়াদি অবগত করার লক্ষ্যে প্রেজেন্টেশন প্রদান করে আই কেয়ার প্রোগ্রামের প্রতিনিধিরা। এ সময় শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে লিফলেট ও পোস্টার বিতরণ করা হয়।